

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার তারিখ ও সময়ঃ ২৫/১০/২০২১ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ২৫/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ

ক্রঃনং	বিষয়	আলোচনা
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।
০২	কমিউনি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র স্বাভাবিক ডেলিভারী কার্যক্রম	কমিটির সম্মানিত সদস্য সচিব মহোদয় বলেন জামালপুর সদর উপজেলার ৯ টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র স্বাভাবিক ডেলিভারী করানোর জন্য সরকারীভাবে মিউওয়াইফ নিয়োগ দেওয়া হয়েছে। এছাড়া ৫ টি আপডেট কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক ডেলিভারী কার্যক্রম চলমান আছে। প্রতি মাসে গড়ে ৩৫ থেকে ৪০ টি করে স্বাভাবিক ডেলিভারি হচ্ছে। কিন্তু উপজেলা স্বাস্থ্য কমিটির না থাকার আমাদের ঔষধের বরাদ্দ কম। ফলে নরমাল ডেলিভারী সংক্রান্ত ঔষধ ও যন্ত্রপাতি অভাব হয়েছে। স্থানীয় ব্যবস্থাপনার উক্ত কার্যক্রম চলমান আছে। তাই উপজেলা পরিষদ থেকে উক্ত নরমাল ডেলিভারী সংক্রান্ত ঔষধ ও যন্ত্রপাতি ক্রয় করে দিলে বা বরাদ্দ প্রদান করিলে স্বাভাবিক ডেলিভারী সংখ্যা আরো বেড়ে যাবে এবং জনগন উপকৃত হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

()

(ফারজানা ইয়াছমিন )

ভাইস চেয়ারম্যন

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি  
জামালপুরসদর, জামালপুর।